# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 01-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে গতকাল রাজ্যে এসআইআর পরবর্তী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে।

তালিকায় নাম রয়েছে ৬ কোটি ৪৪ লক্ষের বেশি ভোটদাতার। সব মিলিয়ে এখনও পর্যন্ত নাম বাদ পড়ল প্রায় ৬৪ লক্ষের।

বিচারাধীন বা অ্যাডজুডিকেশনের আওতায় রয়েছেন ৬০ লক্ষ ৬ হাজারের বেশি ভোটার।

২) আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে চারটি বড় জনসভার মধ্য দিয়ে বিজেপির পরিবর্তন যাত্রার আজ সূচনা হচ্ছে।

৩) স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি শিক্ষা কর্মী পদের নিয়োগের পরীক্ষা আজ।

৪) যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৫-১ গোলে মহামেডান স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে।

৫) ইডেন গার্ডেন্সে আজ টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হচ্ছে।

--------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনী-SIR পরবর্তী অসম্পুর্ণ চূড়ান্ত ভোটার তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। অসম্পূর্ণ এই চূড়ান্ত তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৪৪ লক্ষ ৫২ হাজার ৬০৯। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, খসড়া প্রকাশের সময় মোট ভোটার ছিলেন ৭ কোটি ৮ লক্ষ ১৬ হাজার ৬৩০। বিশেষ নিবিড় সংশোধনীর প্রক্রিয়ায় সংযোজন ও বিয়োজন মিলিয়ে চূড়ান্ত তালিকায় আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম বাদ গিয়েছে। খসড়া তালিকাতে ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি ভোটারের নাম আগেই বাদ পড়েছিল। ফলে সব মিলিয়ে এখনও পর্যন্ত ৬৩ লক্ষ ৬৬ হাজার ৯৫২ জনের নাম রাজ্যের ভোটার তালিকা থেকে বাদ গেল। মোট ৬০ লক্ষ ৬ হাজার ৬৭৫ জন ভোটারের নাম বিচারাধীন বা 'অ্যাডজুডিকেশন'-এর আওতায় রয়েছে। SIR প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের মাধ্যমে ওই সব ভোটারদের ভবিষ্যত নির্ধারিত হবে।

বাইট

মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, শুনানির পর ইআরও, এইআরও-রা সব নথি খতিয়ে দেখার পর সংশ্লিষ্ট ভোটারদের নাম বাদ দিয়েছেন। শুনানিতে বাদ পড়া মানুষ ফের আবেদনের সুযোগ পাবেন।

বাইট

চূড়ান্ত ভোটার তালিকার বিধানসভা-ওয়ারী পরিসংখ্যান থেকে স্পষ্ট, কয়েকটি জেলায় উল্লেখযোগ্য হারে নাম বাদ গিয়েছে। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

**উত্তর ২৪ পরগণায়** প্রায় ১ লক্ষ ৪৩ হাজার নাম বাদ পড়েছে।

**বাঁকুড়া** জেলায় চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ পড়েছে এক লক্ষ ৩৫ হাজার ৩০০ জনের নাম।

**পুরুলিয়ায়** ১ লক্ষ ৮৪ হাজার ১৪৮ জনের নাম বাদ পড়েছে।

**পশ্চিম বর্ধমানে** বাদ পড়েছেন ৩ লক্ষ ২০ হাজার ২২৫ জন।

**পূর্ববর্ধমানে** প্রায় ২ লক্ষ ২৬ হাজার নাম বাদ পড়েছে।

**কোচবিহারে** বাদ পড়েছে ১ লক্ষ ২১ হাজার ৭৯৬ জনের নাম।

-------------------------

পশ্চিমবঙ্গে ত্রুটিমুক্ত ভোটার তালিকা নির্বাচন কমিশন তৈরি করতে পারবে বলে বিজেপি আশা প্রকাশ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল সাংবাদিকদের কাছে রাজ্যের পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের আসা উচিত বলে মন্তব্য করেছেন।

বাইট

SIR এর পর ভোটার তালিকা যাতে যুক্তি, সত্য ও ন্যায়ের উপর ভিত্তি করে তৈরি হয় তার দাবি জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

বাইট

ভোটার তালিকা ক্রটিমুক্ত হয়েছে কিনা তা নিয়ে সংশয়ের যথেষ্ট অবকাশ রয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। সময় নিয়ে SIR করা হলে তা ক্রটিমুক্ত ভাবে হতো বলেও তিনি অভিমত প্রকাশ করেছেন।

------------------------

ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই, রাজ্যে আসতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনী। সীমান্ত লাগোয়া জেলাগুলির একাধিক এলাকায় রুট মার্চ শুরু করেছে তারা। প্রথম পর্বে মোট ২৪০ কোম্পানি আধা সামরিক বাহিনী মোতায়েন করা হবে। ১০'ই মার্চের মধ্যে দফায় দফায় আরো ২৪০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌঁছবে।

উত্তর ২৪ পরগণার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী স্বরূপ নগরে গতকাল সকাল থেকে কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চ শুরু হয়েছে। সঙ্গে রয়েছে স্বরূপনগর থানার পুলিশ। সাধারণ মানুষের সঙ্গে কথাও বলছেন তারা। বাগদার আসারু এবং বনগাঁ শহরেও টহল দিচ্ছে বাহিনী।

উত্তর দিনাজপুরের ইসলামপুরে আজ গুরুত্বপূর্ণ রাস্তাতেও রুটমার্চ করে কেন্দ্রীয় বাহিনী।

মুর্শিদাবাদের সামসেরগঞ্জ, সুতি, রানীনগর, জলঙ্গী সহ বিভিন্ন এলাকায় শুরু হয়েছে কেন্দ্রীয় বাহিনীর টহল।

কোচবিহারের মাথাভাঙায় গতকাল এক কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌঁছেছে।

হাওড়া জেলার উলুবেড়িয়ায় ৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী গতকাল রুটমার্চ শুরু করেছে এক কোম্পানী বাহিনী।

------------------------

রাজ্যে বিজেপির পরিবর্তন যাত্রা শুরু হচ্ছে আজ। দলীয় সূত্রে জানা গেছে, আজ দুপুর দুটো থেকে এই যাত্রার সূচনা হবে। কোচবিহার রাসমেলার মাঠ থেকে পরিবর্তন যাত্রার সূচনা করবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক সেখানে উপস্থিত থাকবেন। কৃষ্ণনগর দক্ষিণ বিধানসভা কেন্দ্র থেকে যাত্রার সূচনা করবেন কেন্দ্রীয় মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ও বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা সেখানে উপস্থিত থাকবেন। এছাড়া পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় পরিবর্তন যাত্রার উদ্বোধন করবেন কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পাশাপাশি আসানসোলের কুলটি থেকে কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি এবং প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ পরিবর্তন যাত্রার সূচনা করবেন।

আগামীকাল দোসরা মার্চ হবে পাঁচটি জনসভা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ এই উপলক্ষ্যে আজ রাজ্যে আসছেন। আগামীকাল তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

অন্যদিকে, তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হবে। এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি হবে। মোট আড়াইশো টি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে।

------------------------

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি শিক্ষাকর্মী পদে নিয়োগের পরীক্ষা আজ। রাজ্য জুড়ে ১ হাজার ৬৯৩ টি পরীক্ষাকেন্দ্রে লিখিত পরীক্ষা নেওয়া হবে। ২ হাজার ৯৮৯ টি শূন্যপদের জন্য ৮ লক্ষ ৪ হাজার জন পরীক্ষায় বসার আবেদন জানিয়েছেন। পরীক্ষা শুরু হবে বেলা ১২টায়। ৬০ নম্বরের এই লিখিত পরীক্ষা ১ ঘন্টা ৫০ মিনিট চলবে। সকাল ১০টার মধ্যে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হতে বলা হয়েছে পরীক্ষার্থীদের।

উল্লেখ্য, ২০১৬ -র এসএসসির প্যানেল বাতিলের পর নতুন করে নিয়োগের নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। ইতিমধ্যে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া প্রায় চূড়ান্ত পর্যায়ে।

-------------------------

উত্তর ২৪ পরগণার জগদ্দলের তৃণমূল কংগ্রেস নেতা অশোক সাউ খুনের ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০২৪ সালে উপনির্বাচনের দিন খুন হন অশোক সাউ। ঘটনার তদন্ত শুরু করে জগদ্দল থানার পুলিশ। তার পরিবারের লোকেরা তদন্তে গাফিলতির অভিযোগ তুলে আদালতের দ্বারস্থ হন। বিচারপতি শুভ্রা ঘোষ গতকাল পুলিশি তদন্তে অসন্তুষ্ট হয়ে এনআইএ-কে তদন্তের দায়িত্ব দিয়েছেন।

-------------------------

শিকাগো বিশ্বধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ১৩০ তম ঐতিহাসিক কলকাতা প্রত্যাবর্তন দিবসের স্মরণে গতকাল উত্তর কলকাতার শোভাবাজার রাজবাড়ীতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। রামকৃষ্ণ মঠ মিশনের সন্ন্যাসী ও বিশিষ্ট জনেরা অংশ নেন অনুষ্ঠানে। অনুষ্ঠানে বহু ভক্ত সমাগম হয়।

-------------------------

কেন্দ্রীয় অন্তস্থলীয় মৎস্য গবেষণা সংস্থা CIFRI ও সুন্দরবনের স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান কুলতলী মিলন তীর্থ সোসাইটির যৌথ উদ্যোগে গতকাল হক্ষিণ ২৪ পরগনার বাসন্তিতে জাতীয় বিজ্ঞান দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানে গোটা দেশের সঙ্গে রাজ্যেও একটি  সাইন্স সেন্টার গড়ে তোলার দাবি জানানো হয়। উল্লেখ্য দেশেআর বিভিন্ন রাজ্যে এই মুহূর্তে ৩৬ টি নতুন সাইন্স সেন্টার তৈরি হলেও পশ্চিমবঙ্গে একটিও হচ্ছে না। এদিন কেন্দ্রীয় অন্তস্থলীয় মৎস্য গবেষণা সংস্থার পক্ষ থেকে সুন্দরবনের 50 টি হাই স্কুলকে অত্যাধুনিক একুরিয়াম তুলে দেওয়া হয়।

------------------------

যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ৫-১ গোলে মহামেডান স্পোর্টিং কে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ৩-১ গোলে এগিয়ে ছিল। মোহনবাগান তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে  রয়েছে।

------------------------

ইডেনে আজ টি -২০ ক্রিকেট বিশ্বকাপের সুপার এইটের গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা ৭টায়। এই ম্যাচে যে দল জিতবে সেই দল সেমিফাইনালে পৌঁছবে।

এদিকে, ক্রিকেটপ্রেমীদের সুবিধার্থে  আজ  ভারত ওয়েস্ট ইন্ডিজ ম্যাচের পর মেট্রো রেল এক জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই দিন রাত ১১-১৫ মিনিটে একটি ট্রেন ধর্মতলা থেকে দক্ষিণেশ্বর এবং অপর ট্রেনটি একই সময় শহীদ ক্ষুদিরামের দিকে ছেড়ে যাবে বলে  মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এই বিশেষ ট্রেনের জন্য শুধুমাত্র ধর্মতলা স্টেশনের টিকিট কাউন্টার খোলা থাকবে।

-------------------------

দক্ষিণবঙ্গে মোটের উপর শুষ্ক আবহাওয়া থাকলেও উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলায় আজ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা। আগামী দুই তিন দিন দক্ষিণবঙ্গে সর্বত্রই তাপমাত্রা ২ থেকে ৩° পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে দুই দশমিক ৭ ডিগ্রি বেশি।

এদিকে মার্চ থেকে মে মাস সময়কালে দেশের উত্তর পশ্চিম ও মধ্য ভারতের কিছু জায়গা ছাড়া প্রায় সর্বত্রই সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে বেশি থাকার সম্ভাবনা।

------------------------- -------------------------